নগরীর তেররতন এলাকায় পানিবন্দী মানুষের মাঝে ডা. আরমান আহমদ শিপলুর খাবার বিতরণ

চেম্বার ডেস্ক::

সিসিকের প্রথম মেয়র, কেন্দ্রীয় আওয়ামী লীগ নেতা বদর উদ্দিন আহমদ কামরানের ছেলে, সিলেট মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও জালালাবাদ রাগীব রাবেয়া মেডিকেল কলেজ হাসপাতালের উপ পরিচালক ডা. আরমান আহমদ শিপলু চলমান বন্যায় নগরীর তেররতন এলাকায় পানিবন্দী মানুষের মাঝে শুকনো খাবার বিতরণ করেছেন। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল মুড়ি, চিড়া, গুড় ও বিস্কুট। এসময় সমবেত মানুষের উদ্দেশ্যে ডা. শিপলু বলেন, এই দুঃসময়ে আমাদের সর্বোচ্চ সাবধানতা অবলম্বন করতে হবে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, সিলেটের আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ এবং বিত্তবান ও হৃদয়বানেরা ইতিমধ্যেই মানুষের কষ্ট লাঘবে পানিবন্দী মানুষের পাশে দাঁড়িয়েছেন। সবাই মিলে এই দুর্যোগে কাজ করতে হবে। এসময় উপস্থিত ছিলেন শেখর আহমদ, আব্দুস সালাম, এনাম আহমদ, মো. ভুট্টো, তেররতন এলাকার মুরুবিয়ান ও যুব সমাজের প্রতিনিধিগন।